

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর, সংগ্রহ বিভাগ  
১৬, আবদুল গণি রোড, ঢাকা।  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.৩৪৩

তারিখঃ ১৬/০২/২০২০ খ্রি.

**বিষয় : খান সংগ্রহের অতিরিক্ত লক্ষ্যমাত্রা সমন্বয়করণ।**

- সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুরের স্মারক নং ১৩.০৮.০০০০.০১৪.০৩২.০২০.২০.২০৪, তারিখ: ২৭/০১/২০২০ খ্রি:।  
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহীর স্মারক নং ১৩.০১.০০০০.২২৫.৪০.০০১.১৯.৬৪১, তারিখ: ০৪/০২/২০২০ খ্রি:।  
৩। খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.২৯২(২), তারিখ: ০৬/০২/২০২০ খ্রি:।  
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রামের স্মারক নং ১৩.০১.০০০০.২১০.২২.০০১.১৯.৮৯৪, তারিখ: ১৩/০২/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি আমন সংগ্রহ ২০১৯-২০ মৌসুমে রংপুর ও রাজশাহী বিভাগের অনুকূলে যথাক্রমে ১,২৮,৬০৮ মে:টন ও ৯১,৫০৩ মে:টন ধানের সংগ্রহ লক্ষ্যমাত্রা প্রদান করা হয়। লক্ষ্যমাত্রার অতিরিক্ত খান সংগ্রহের সম্ভাবনা থাকায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর সূত্রস্থ ১নং স্মারকে আরও ৩০,০০০ মে:টন এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী সূত্রস্থ ২নং স্মারকে আরও ৩৪,১০০ মে:টন ধানের লক্ষ্যমাত্রা চেয়েছেন। তৎপ্রেক্ষিতে সূত্রস্থ ৩নং স্মারকে রাজশাহী ও রংপুর বিভাগে অতিরিক্ত ৬০৯০ মে:টন করে ধানের লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছিল। ধানের সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার আশংকা থাকায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম সূত্রস্থ ৪নং স্মারকে পুনরায় ১১,৭৩৩ মে:টন ধানের লক্ষ্যমাত্রা সমর্পণ করেছেন।

এমতাবস্থায়, খান সংগ্রহের জাতীয় লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮(খ) উপধারা মোতাবেক উপর্যুক্ত ৩টি বিভাগের ধানের সংগ্রহ লক্ষ্যমাত্রা সমন্বয় করা হলো। ৩টি বিভাগের পুন:নির্ধারিত লক্ষ্যমাত্রা নিম্নের সারণিতে তুলে ধরা হলো।

ক্র: নং	বিভাগের নাম	মূল লক্ষ্যমাত্রা (মে:টন)	সমর্পণকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)	অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)	সমন্বয়ের পর স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)
১.	রংপুর	১,৩৪,৬৯৮	০	৫৮৬৬	১,৪০,৫৬৪
২.	রাজশাহী	৯৭,৫৯৩	০	৫৮৬৭	১,০৩,৪৬০
৩.	চট্টগ্রাম	৮৩,৫৫৩	১১,৭৩৩	০	৭১,৮২০

অতিরিক্ত প্রদানকৃত আমন ধানের উপর্যুক্ত লক্ষ্যমাত্রা অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুযায়ী সংগ্রহ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

প্রাপক : আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,  
রংপুর/রাজশাহী।

স্বাক্ষর  
(মোঃ আনিসুজ্জামান)  
পরিচালক, সংগ্রহ বিভাগ  
খাদ্য অধিদপ্তর, ঢাকা  
ফোনঃ ০২-৯৫৫০২৬১।

স্মারক নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.৩৪৩/২(৭)

তারিখঃ ১৬/০২/২০২০ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৩। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ৫। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ✓ ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর  
পরিচালক  
সংগ্রহ বিভাগ  
১৬/০২/২০২০